



নীলফামারির বালাপাড়ায় সচেতনতা কার্যক্রম

শোভানগঞ্জ বালাপাড়া গ্রামকে করোনাভাইরাস মুক্ত করার জন্য উজ্জীবক, ইয়ুথ লিডারগণ প্রতিটি পাড়া ও মহলাতে জীবাণুনাশক স্প্রে করে দিচ্ছেন। পাশাপাশি সবাইকে সামাজিক দূরত্ব বজায় রাখা, সঠিক নিয়মে হাচি-কাশি দেয়া এবং সাবান দিয়ে সঠিকভাবে হাত ধোয়ার পরামর্শ দিচ্ছেন। তাদের এইকাজে নীলফামারী জেলার ডিমলা উপজেলার বালাপাড়া ইউনিয়নের স্থানীয় জনপ্রতিনিধি ও রাজনৈতিক নেতাগণ সহযোগিতা করছেন।

নওগাঁর পত্নীতলায় করোনা সংক্রমণের প্রতিরোধে তৃণমূলের উদ্যোগ



সবাই মিলে শপথ করি করোনা ভাইরাস মুক্ত গ্রাম গড়ি এই স্লোগানে উদ্বুদ্ধ হয়ে নওগাঁ জেলার পত্নীতলা উপজেলার দিবর ইউনিয়নের ৫নং ওয়ার্ড ছোটমহারন্দী গ্রামে দি হাস্কার প্রজেক্ট এর প্রচারণায় করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনমূলক কার্যক্রম অনুষ্ঠিত হয়।

কার্যক্রমগুলো হলো:

- সামাজিক দূরত্ব বজায় রাখা;
- সবসময় পরিষ্কার পরিচ্ছন্নতা থাকা, এবং গ্রাম উন্নয়ন দল ও কমিউনিটির যৌথ উদ্যোগে সাবান বিতরণ করা;
- গ্রামের বিভিন্ন রাস্তায় এবং জলাবদ্ধ স্থানে জীবাণুনাশক স্প্রে করা।

করোনাভাইরাস প্রতিরোধে সচেতনমূলক কাজে সহযোগিতা করেন ছোটমহারন্দী গ্রাম উন্নয়ন দলের সভাপতি মোঃ মোখলুর রহমান, সদস্য দেলোয়ার হোসেন (স্বপন), রবিউল ইসলাম, উজ্জীবক মোঃ রফিকুল ইসলাম, জয়নালআবেদীন, নারীনেত্রী ফাহিমা বেগম ও রঞ্জনা বেগম, ছোটমহারন্দী কমিউনিটি ক্লিনিক হেল্থ কেয়ার প্রপাইটার আব্দুল আলিম, সেচ্ছাব্রতি কর্মী আব্দুল মতিন সরদার, আবুতাহের ও দি হাস্কার প্রজেক্ট বাংলাদেশ ইউনিয়ন সমন্বয়কারী হারুনুর রশিদ প্রমুখ।

বাবুগঞ্জে গ্রাম উন্নয়ন দলের উদ্যোগে দিনমজুরদের মধ্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিতরণ

করোনাভাইরাস প্রতিরোধে সচেতনমূলক কাজে অংশ হিসেবে বাবুগঞ্জের জাহাঙ্গীরনগর ইউনিয়নের ঠাকুরমলিক গ্রাম উন্নয়ন দল (ভিডিটি) কমিটির উদ্যোগে ৫০ জন দিনমজুরদের জনপ্রতি ১০ কেজি চাল, ১ কেজি ডাল, ২ কেজি আলু, ১ লিটার তেল, ১ টি সাবান সরবরাহ করা হয়। স্থানীয় প্রবাসীদের সহযোগিতা ভিডিটি এই কার্যক্রম পরিচালনা করে।



করোনা রোধে চুড়খাই ভিডিটি, জিজিএস এর আয়োজন, গ্রাম-মহলার প্রতিটি প্রবেশদ্বারে এইরূপ সচেতনতা প্রয়োজন।



ময়মনসিংহ জেলার সদর উপজেলার চুড়খাই মহিলা উন্নয়ন জিজিএস এর নারীনেত্রী কাজল রেখার নেতৃত্বে প্রতিটি ঘণ্টে মহিলা, পুরুষ ও শিশুদের হাত ধোয়া ও মাস্ক পড়ার অনুশীলন করিয়েছে। এছাড়া যাদের সাবান কেনার সামর্থ্য নাই তাদের মাঝে সাবান বিতরণ করেছে এবং সামাজিক দূরত্ব বজায় রাখার গুরুত্ব নিয়ে আলোচনা করেছে।